দৈনিক

ইত্তেফাক

তারিখ ⋯ 28 SEP 2016 ⋯

পৃষ্ঠা ⋯ ৬ ⋯ কলাম ⋯ ৬ ⋯

# যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

যশোর-৭৪০৮।

স্মারক নং-যবিপ্রবি/রেজিঃ (একাঃ)/ভর্তি বিজ্ঞপ্তি (২০১৬)/১৩১৮/১৬-১০০৪৭ তারিখঃ ১৮/০৯/২০১৬খ্রিঃ

## ভর্তি বিজ্ঞপ্তি-২০১৬

### ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে স্নাতক (ইঞ্জিঃ/সম্মান) ১ম বর্ষে ছাত্র-ছাত্রীর ভর্তি বিজ্ঞপ্তি ঃ

১। যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে নিম্নোক্ত কোর্সসমূহে ১ম বর্ষে ভর্তির জন্য নির্ধারিত যোগ্যতা সম্পন্ন শিক্ষার্থীদের নিকট থেকে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের আবেদন আহ্বান করা যাচ্ছে

- ০৪ (চার) বছর মেয়াদী স্নাতক (ইঞ্জি:/সম্মান) এবং
- ০৫ (পাঁচ) বছর মেয়াদী বি ফার্ম (প্রোফেশনাল)

আবেদনের সময়ঃ ২০/০৯/২০১৬ তারিখ দুপুর ১২.০০টা হতে ২২/১০/২০১৬ তারিখ রাত ১২.০০টা পর্যন্ত (যে কোন সময়ে) আবেদন করা যাবে।

**২। আবেদন করার সাধারণ যোগ্যতা ও শর্তাবলী ঃ**

(ক) প্রার্থীকে বাংলাদেশের স্থায়ী নাগরিক হতে হবে। বিদেশী/অনাবাসিক বাংলাদেশি (NRB) ছাত্র-ছাত্রীরাও ভর্তি হতে পারবে তবে তাদের জন্য বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত টিউশন ফি দিতে হবে। বিদেশী/NRB ছাত্র-ছাত্রীদের বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.just.edu.bd)-এর Admission Link-এ প্রদত্ত তথ্য অনুযায়ী আবেদন করতে হবে।

(খ) A, B, C ইউনিটের জন্য ২০১৫ ও ২০১৬ সালে বিজ্ঞান/কৃষি বিজ্ঞান থেকে এইচএসসি/আলিম/এ লেভেল/সরকার অনুমোদিত চার বছর মেয়াদী ডিপ্লোমা উত্তীর্ণ ছাত্র-ছাত্রীরাই কেবল ভর্তি পরীক্ষার জন্য আবেদন করতে পারবে। D, E ও F ইউনিটের জন্য ২০১৫ ও ২০১৬ সালে বিজ্ঞান/বাণিজ্য/মানবিক ও কৃষি বিজ্ঞান বিভাগের এইচএসসি/ সরকার অনুমোদিত চার বছর মেয়াদী ডিপ্লোমা পরীক্ষায় পাসকৃত ছাত্র-ছাত্রীরা আবেদন করতে পারবে।

(গ) ২০১৪, ২০১৫ ও ২০১৬ সালে পাশকৃত সংশ্লিষ্ট বিষয়ে 'বি' গ্রেডসহ (৪.০ পয়েন্ট স্কেলে ৩.০) মোট ৬.৫ পয়েন্টপ্রাপ্ত সরকার অনুমোদিত ৪ বছর মেয়াদী ডিপ্লোমাধারী সকল ইউনিটে ভর্তির জন্য আবেদন করতে পারবে।

(ঘ) সকল ইউনিটের জন্য জিসিই/ 'ও' লেভেল এবং 'এ' লেভেল উত্তীর্ণ প্রার্থীদের ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য জিসিই/ 'ও'লেভেল পরীক্ষায় কমপক্ষে ৫টি বিষয়ে গড়ে বি গ্রেড এবং 'এ' লেভেল পরীক্ষায় কমপক্ষে ৩টি বিষয়ে গড়ে বি গ্রেড পেয়ে পাশ করতে হবে।

(ঙ) ০৬টি ইউনিটের বিভাগ সমূহের আসন সংখ্যা, ন্যূনতম জিপিএ ও অত্যাবশ্যকীয় শর্তাবলী এবং পরীক্ষার ফিস নিম্নরূপঃ

| ইউনিট (মোট আসন সংখ্যা) | বিভাগ সমূহ (২০১৬-১৭ সালে নির্ধারিত আসন সংখ্যা) | ন্যূনতম জিপিএ ও অত্যাবশ্যকীয় শর্তাবলী | পরীক্ষার ফিস |
|---|---|---|---|
| A ইউনিট (মোট ০৬টি বিভাগ) (২২৫) | ১. কম্পিউটার বিজ্ঞান ও প্রকৌশল (CSE) (৫০),<br>২. কেমিকৌশল(ChE) (৪০),<br>৩. ইন্ডাস্ট্রিয়াল এন্ড প্রডাকশন ইঞ্জিনিয়ারিং (IPE) (৩৫),<br>৪. পেট্রোলিয়াম এন্ড মাইনিং ইঞ্জিনিয়ারিং (PME) (৩৫),<br>৫. ইলেক্ট্রিক্যাল এন্ড ইলেক্ট্রনিক ইঞ্জিনিয়ারিং (EEE)(৩৫),<br>৬. বায়ো-মেডিকেল ইঞ্জিনিয়ারিং (BME) (৩০) | * এসএসসি / সমমান ও এইচএসসি / সমমান উভয় পরীক্ষায় চতুর্থ বিষয় সহ আলাদাভাবে ন্যূনতম জিপিএ ৩.০০ সহ মোট জিপিএ ৭.০০ থাকতে হবে।<br>* কেমিকৌশলের ক্ষেত্রে এইচ.এস.সি / সমমান পরীক্ষায় রসায়নে (A-) থাকতে হবে।<br>* বায়ো-মেডিকেল ইঞ্জিনিয়ারিং-এর ক্ষেত্রে এইচ.এস.সি / সমমান পরীক্ষায় বায়োলজিতে ন্যূনতম জিপিএ ৩.০০ থাকতে হবে।<br>* অন্য বিভাগগুলোর ক্ষেত্রে পদার্থ বিজ্ঞান ও গণিত-এ ন্যূনতম (A-) থাকতে হবে। | ৭৫০/- |
| B ইউনিট (মোট ০৪টি বিভাগ) (১৬০) | ১. অণুজীব বিজ্ঞান (MB) (৪০)<br>২. ফিশারীজ এন্ড মেরিন বায়োসায়েন্স (FMB) (৪০)<br>৩. জিন প্রকৌশল ও জীব প্রযুক্তি (GEBT) (৪০)<br>৪. ফার্মেসী (Pharm) (৪০) | * এসএসসি / সমমান ও এইচএসসি / সমমান উভয় পরীক্ষায় চতুর্থ বিষয় সহ আলাদাভাবে ন্যূনতম জিপিএ ৩.০০ সহ মোট জিপিএ ৭.০০ থাকতে হবে।<br>* এইচএসসি/সমমান পরীক্ষায় জীব বিজ্ঞান ও রসায়নে ন্যূনতম (B) থাকতে হবে। | ৭০০/- |
| C ইউনিট (মোট ০৬টি বিভাগ) (২০৫) | ১. পরিবেশ বিজ্ঞান ও প্রযুক্তি (EST) (৪৫)<br>২. পুষ্টি ও খাদ্য প্রযুক্তি (NFT) (৪০)<br>৩. পদার্থ বিজ্ঞান (Phy) (৩০)<br>৪. রসায়ন (Chem) (৩০)<br>৫. গণিত ও পরিসংখ্যান (Math) (৩০)<br>৬. এ্যাগ্রো প্রোডাক্ট প্রসেসিং টেকনোলজি (APPT)(৩০) | * এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান উভয় পরীক্ষায় চতুর্থ বিষয় সহ আলাদাভাবে ন্যূনতম জিপিএ ৩.০০ সহ মোট জিপিএ ৬.৫০ থাকতে হবে।<br>* এনএফটি বিভাগে ভর্তির ক্ষেত্রে এইচএসসি/সমমান পর্যায়ে জীব বিজ্ঞানে জিপিএ ৩.০০ থাকতে হবে।<br>* পদার্থ বিজ্ঞান, রসায়ন এবং গণিত ও পরিসংখ্যান বিভাগের ক্ষেত্রে সংশ্লিষ্ট বিষয়ে জিপিএ ৩.০০ থাকতে হবে | ৭০০/- |
| D ইউনিট (মোট ০১টি বিভাগ)(৪০) | ১. ইংরেজী (Eng) (৪০) | এসএসসি / সমমান ও এইচএসসি / সমমান উভয় পরীক্ষায় চতুর্থ বিষয় সহ আলাদাভাবে ন্যূনতম ৩.০০ সহ মোট জিপিএ ৬.০০ থাকতে হবে। | ৪০০/- |
| E ইউনিট (মোট ০১টি বিভাগ)(৪০) | ১. শারীরিক শিক্ষা ও ক্রীড়া বিজ্ঞান (PESS) (৪০) | এসএসসি / সমমান ও এইচএসসি / সমমান উভয় পরীক্ষায় চতুর্থ বিষয় সহ আলাদাভাবে ন্যূনতম জিপিএ ২.৫০ সহ মোট জিপিএ ৬.০০ থাকতে হবে। | ৫০০/- |
| F ইউনিট (মোট ০১টি বিভাগ)(৪০) | ১. এ্যাকাউনটিং এন্ড ইনফরমেশন সিস্টেম (AIS) (৪০)<br>(বিজ্ঞান বিভাগের জন্য ১০টি,<br>মানবিক বিভাগের জন্য ০৫টি এবং<br>বাণিজ্য বিভাগের জন্য ২৫টি আসন) | এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান উভয় পরীক্ষায় চতুর্থ বিষয় সহ আলাদাভাবে ন্যূনতম জিপিএ ৩.০০ সহ মোট জিপিএ বিজ্ঞান বিভাগের জন্য ৭.০০, মানবিক বিভাগের জন্য ৬.০০ এবং বাণিজ্য বিভাগের জন্য ৬.৫০ থাকতে হবে। | ৪০০/- |

- উপরোক্ত আসন ছাড়াও মোট আসনের ৫% মুক্তিযোদ্ধা সন্তানদের জন্য, ১% আদিবাসীদের জন্য, ১% প্রতিবন্ধীদের জন্য এবং ১% যবিপ্রবিতে কর্মরত শিক্ষক/কর্মকর্তা/কর্মচারীর জন্য (কেবলমাত্র ছেলে/মেয়ে) পোষ্য কোটা।

**৩। ভর্তি পরীক্ষার তারিখ ও সময়ঃ**

| সময় | সকাল ৯.৩০-১১.০০ | দুপুর ১২.৩০-২.০০ | বেলা ৩.৩০-৫.০০ |
|---|---|---|---|
| ০৬/১১/২০১৬, রবিবার | D ইউনিট | E ইউনিট | F ইউনিট |
| ০৭/১১/২০১৬, সোমবার | A ইউনিট | B ইউনিট | C ইউনিট |

**৪। ভর্তি পরীক্ষার স্থানঃ**

ভর্তি পরীক্ষার (০৩) তিনদিন আগে পরীক্ষার স্থান www.just.edu.bd অথবা just.cloudonebd.com ওয়েবসাইট থেকে জানা যাবে।

**৫। Help Line:**

- ভর্তি পরীক্ষা সংক্রান্ত তথ্যবলী www.just.edu.bd ওয়েবসাইটে পাওয়া যাবে।

(প্রকৌশলী মোঃ আহসান হাবীব)
রেজিস্ট্রার
ও
সদস্য-সচিব, ভর্তি কমিটি (২০১৬-১৭)
যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।

স-২৪২৬ (১০×৪)